

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৪৭

২৭/ আদব

পরিচেছদঃ মু'মিনদের জন্য বিনয়ী ও বিনম্র হওয়ার গুরুত্ব

আরবী

وَعَنِ الأَسْوَدِ بِنِ يَزِيدَ قَالَ: سُئِلَتْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا مَا كَانَ النَّبِيُّ عَيَّا يُعنِي بَيْتِهِ ؟ قَالَت : كَانَ يَكُونُ في مِهْنَةِ أَهْلِهِ ـ يَعنِي : خِدمَة أَهلِه ـ فَإِذَا حَضَرَتِ الصَّلاَةُ خَرَجَ إِلَى الصَّلاَةِ رواه البخاري

বাংলা

(৩৪৪৭) আসওয়াদ ইবনে ইয়াযীদ (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আয়েশা (রাঃ) কে জিজ্ঞাসা করলাম, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘরে কী কাজ করতেন?' তিনি বললেন, 'গৃহস্থালি কাজ করতেন; অর্থাৎ স্ত্রীর কাজে সহযোগিতা করতেন। অতঃপর নামাযের (সময়) হলে তিনি নামাযের জন্য বেরিয়ে যেতেন।' (বুখারী ৬৭৬)

ফুটনোট

* (এই গৃহস্থালি কাজের ব্যাখ্যায় মা আয়েশা রাযিয়াল্লাহু আনহা বলেন, 'তিনি নিজের জুতা পরিষ্কার করতেন, কাপড় সিলাই করতেন, দুধ দোহাতেন এবং নিজের খিদমত নিজে করতেন।' তাছাড়া এ কথা বিদিত যে, তাঁর একাধিক দাস-দাসীও ছিল।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আসওয়াদ ইবনে ইয়াযীদ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন